গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: *rcadmsn@gmail.com* website: *http://rc.gov.bd* | *http://rc.edu.bd*
online news portal: *http://rc.edu.bd/rcbarta* Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ২০৭৩১

তারিখঃ ১২ কার্তিক ১৪৩১ বঃ
২৮ অক্টোবর ২০২৪ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্তদের চূড়ান্ত ভর্তি সম্পকিত জরুরি বিজ্ঞপ্তি**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ২৬/১০/২০২৪ থেকে ০৭/১১/২০২৪ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫´´×১২´´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে www.rc.gov.bd/www.rc.edu.bd ওয়েবসাইটে Online Admission লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ও কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে। **উল্লেখ্য, যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ২৭ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অব্যশই চূড়ান্ত ভর্তি ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর কোর্স পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে মেধার ভিত্তিতে কোর্স পরিবর্তন করা হবে। উক্ত কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১২ নভেম্বর ২০২৪ তারিখ থেকে শুরু হবে।**

১। **ভর্তির সময়সূচি:**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত চূড়ান্ত ভর্তি ফরম (দুই কপি) প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২৯/১০/২০২৪ থেকে ০৭/১১/২০২৪ তারিখ বেলা ০১: ০০টার মধ্যে (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) **ফুলার ভবন সংস্কৃত বিভাগে কমিটির নিকট** জমা দিতে হবে।

২। **ভর্তি ফিস DBBL এর মাধ্যমে জমাদানের নিয়মাবলী:**

(ক) শিক্ষার্থীরা প্রাথমিক আবেদনপত্র দাখিলের সময় জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত রোল নম্বর রাজশাহী কলেজে ভর্তির জন্য ব্যবহার করতে হবে। ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক **Admission Roll** এর বিপরীতে নির্দিষ্ট ফিসের টাকা আগামী ২৯/১০/২০২৪ থেকে ০৭/১১/২০২৪ তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ফি'র পরিমাণ কলেজ ওয়েবসাইট-এ নোটিশ বোর্ড অথবা *http://rc.edu.bd/fees-for-hsc-and-degree-admission/* লিংক অথবা ভর্তি বাটনের নিচে থেকে জানা যাবে।

(খ) **Degree (Pass) Admission বাটন চাপার পূর্বে প্রথমে অবশ্যই Admission Roll-এর বিপরীতে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধ না করে Admission বাটন চাপলে পেমেন্ট অপশনের পরিবর্তে ফরম উন্মুক্ত হতে পারে। তাতে সমস্যা হবে। রোল ও আইডি দু'টো হবে।**

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। |
| খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। | খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। |
| গ) 1 (One) নং Self সিলেক্ট করুন। | গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)। |
| ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। | ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। |
| ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। | ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। |
| চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। | চ) Bill No-এ আপনার **Admission roll** টি দিন। |
| ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন। | ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন। |
| জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। | জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। |
| ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

** রকেট app পদ্ধতিতে কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।

(গ) DBBL পদ্ধতিতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে। http://rc.gov.bd/admission-formfillup/ লিংকের Degree (Pass) Admission বাটন অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Degree* লিংকে গিয়ে Admission roll দিয়ে Next বাটন ক্লিক করলে ভর্তির তথ্য উন্মুক্ত হবে এবং সেখান থেকে Confirmation Slip এবং Student Admission Form ডাউনলোড করতে হবে। প্রয়োজনে Ref. ID এবং নিজস্ব পাশওয়ার্ড ব্যবহার করা যেতে পারে।

**৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা**

(ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূলনম্বরপত্র কমিটির নিকট জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি কলেজ অফিসে জমা থাকবে।

(খ) এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাশের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি-১টি করে।

(গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিন ছবি।

(ঘ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে।

(ঙ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে http://rc.gov.bd/admission-formfillup/ লিংকের Degree (Pass) Admission বাটন অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Degree* লিংকে গিয়ে Confirmation Slip ডাউনলোড ও প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

**৪। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইট, ক্যাশ শাখা ও নোটিশ বোর্ডে দেয়া হবে।**

*বি:দ্র:* এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এতদবিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।

স্বা:
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১০৭১(০৫)

তারিখ
১২ কার্তিক ১৪৩১ ব:
২৮ অক্টোবর ২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

২। আহ্বায়ক, ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্স ভর্তি কমিটি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

৩। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিমিটেড, অলকার মোড়, রাজশাহী;

৪। পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;

৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;

৬। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 28/10/2024
রাজশাহী কলেজ, রাজশাহী।
28/10/2024